



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি  
নায়েরগাঁও বাজার শাখা, মতলব, চাঁদপুর।

অর্থদ্বন্দ্ব আদালত আইন, ২০০৩-এর ১২(৩) ধারা মোতাবেক  
বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক, পিএলসি নায়েরগাঁও বাজার শাখা, মতলব, চাঁদপুরের বিনিয়োগ গ্রহীতা জৈনপুর মৎস্য খামার, মালিক: জনাব শরীফ হোসেন, পিতা: আবদুল মালেক, ব্যবসায়িক ঠিকানা: আশ্বিনপুর, নায়েরগাঁও বাজার, মতলব, চাঁদপুর। বর্তমান ঠিকানা: নয়া বাড়া, আশ্বিনপুর, নায়েরগাঁও, মতলব, চাঁদপুর, স্থায়ী ঠিকানা: নয়া বাড়া, আশ্বিনপুর, নায়েরগাঁও, মতলব, চাঁদপুরের নিকট ০৭/০৫/২০২৬ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোট : ২৪,১৮,৯৯৬/- কথায় (চব্বিশ লক্ষ আঠারো হাজার নয়শত ছিয়ানব্বই) টাকা এবং আদায়কালতক মুনাসফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আমোজারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে সিলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

**শর্তাবলী**

- আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্রদাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের ওপরে স্পষ্টাক্ষরে “সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র” লিখিয়া আগামী ০৬/০৭/২০২৬ ইং তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি নায়েরগাঁও বাজার শাখা, মতলব, চাঁদপুর রক্ষিত দরপত্র ব্যঞ্জে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নিদিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ব্যঞ্জে খোলা হইবে।
- নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- প্রত্যেক দরদাতা উক্ত দর অনর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উক্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উক্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০%-এর সমপরিমাণ টাকা জামানতরূপে যেকোনো তফসিলি ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি নায়েরগাঁও বাজার শাখা, মতলব, চাঁদপুরের অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উক্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবে।
- উপরোক্ত অনুচ্ছেদ-৪-এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উক্ত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আস্থানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪-এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
- দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাটসহ অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
- এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করতে হবে।
- কম জামানত সমেত/জামানতবিহীন/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
- তফসিলভুক্ত সম্পত্তির ওপর কোনো সরকারি, আধা-সরকারি, শ্রায়ত্তশাসিত কোনো প্রতিষ্ঠান বা অন্য যেকোনো পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোনো দায়িত্ব ব্যাংক বহন করিবে না।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোনো কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধা থাকিবে না এবং কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সব বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থদ্বন্দ্ব আদালত আইন, ২০০৩-এর ধারা ১২ এবং ধারা ৩৩-এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

**তফসিল**

জেলা-চাঁদপুর, সাবেক থানা হাল উপজেলা-মতলব কিং সাবেক ৮৭নং হালে ১০৪নং আশ্বিনপুর মৌজার সি, এস, ৫৯নং ও ৫৯/২নং, এস, এ, ২৭৪নং ও ২৭৬নং, বি.এস. ২৭১নং খতিয়ান, খারিজ ১১২৯নং খতিয়ানভুক্ত রায়তীন্ত্রত। সি, এস, এবং এস, এ, ১৫৪৪ দাগ নাল, বি, এস, ৫০৩৪ দাগ নাল, খারিজ ১৫৪৪ দাগে নাল মোঃ ০.২০ একর ভূমি। চৌহদ্দি: উত্তরে: আবদুল মালেক প্রধান, দক্ষিণে: পুকুর, পূর্বে: রাস্তা এবং পশ্চিমে: আবদুল মালেক প্রধান।

সোশ্যাল ইসলামী ব্যাংক, পিএলসি, নায়েরগাঁও বাজার  
শাখার পক্ষে  
শাখা ব্যবস্থাপক  
মোবাইল নং: ০১৭১৩১৩৯১৩৪